কোস্ট ট্রাস্ট, প্রধান কার্যালয়, ঢাকা। তারিখ: ১৬এপ্রিল ২০১৭ খৃষ্টাব্দ।

প্রতি: নোটিশ বোর্ডের মাধ্যমে সকল সহকর্মী

হতে: নির্বাহী পরিচালক

বিষয়: সংস্থার কর্মীদের জন্য চিকিৎসা খরচ/সহায়তা প্রদানের পরিবর্তিত নীতিমালা-২০১৭ প্রসঙ্গে।

প্রিয় সহকর্মীবৃন্দ,

ব্যবস্থাপনার সিদ্ধান্তক্রমে কর্মীদের জন্য সংস্থার বর্তমান চিকিৎসা খরচ প্রদানের নীতিমালায় বেশ কিছু পরিবর্তন ও সংশোধন আনা হয়েছে যা আপনাদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নে উপস্থাপন করা হলো :-

১. এই সার্কুলারের ফলে বর্তমান চিকিৎসা খরচ/সহায়তা প্রদান নীতিমালাটি বাতিল বলে গন্য হবে এবং এই সহায়তা শুধুমাত্র নিজ এবং নিজের পরিবারের জন্য প্রযোজ্য হবে। এখানে পরিবার বলতে নিজের স্বামী/স্ত্রী এবং সন্তানকে বুঝানো হয়েছে। এই চিকিৎসা সহায়তার সময়কাল হবে প্রত্যেক বছরের জানুয়ারি থেকে ডিসেম্বর পর্যন্ত।

২. পদবী অনুযায়ী চিকিৎসা সুবিধা খরচ/সহায়তা নিম্ন রূপ:-

| ক্রম | পদবী | চিকিৎসা সুবিধার পরিমাণ (টাকা) (প্রতি বছরে) |
|---|---|---|
| ১ | সাধারণ সেবা কর্মী | ৫০০০ |
| ২ | ঋণ ও উন্নয়ন কর্মকর্তা/কর্মসূচি সংগঠক/প্যারামেডিক্স | ৬৫০০ |
| ৩ | সহ:ব্যবস্থাপক/শাখা হিসাব রক্ষক | ৬৫০০ |
| ৪ | ব্যবস্থাপক/ শাখা ব্যবস্থাপক | ৮০০০ |
| ৫ | সহ:সমন্বয়কারী/এলাকা ব্যবস্থাপক | ১০০০০ |
| ৬ | সমন্বয়কারী/আঞ্চলিক কর্মসূচি সমন্বয়কারী | ১৫০০০ |
| ৭ | উর্ধ্বতন সমন্বয়কারী | ২০০০০ |
| ৮ | প্রধান | ২৫০০০ |
| ৯ | সহকারী পরিচালক | ৩০০০০ |
| ১০ | উপ-পরিচালক | ৩৫০০০ |
| ১১ | পরিচালক | ৪০০০০ |
| ১২ | নির্বাহী পরিচালক | ৫০০০০ |

৩. কমিটির কোন সদস্য বা কোন কর্মী উপরোক্ত বরাদ্দকৃত অর্থের চাইতে বেশী খরচ নিজের জন্য বা অন্য কোনও কর্মীকে প্রদানের জন্য সুপারিশ করলে তা প্রযোজ্য হবে না।

৪. স্তরভিত্তিক বা পদবী অনুসারে চিকিৎসা সহায়তা প্রাপ্তির উপযুক্ততা:

সংস্থার সকল কর্মীদের চিকিৎসা ভাতা প্রাপ্তির উপযুক্ত সময়কাল এক হবে না। এক্ষেত্রে সেবা কর্মী থেকে সিডিও পর্যন্ত এবং তদূর্ধ্ব পদবীর কর্মীদের চিকিৎসা সহায়তা প্রাপ্তির উপযুক্ততা বা Entitlement হচ্ছে নিম্নরূপ;

৪.১ সেবাকর্মী থেকে সিডিও পর্যন্ত

ক) চাকুরির বয়স ৬ মাস পর্যন্ত কোন চিকিৎসা সহায়তা পাওয়া যাবে না।
খ) চাকুরির বয়স ৬-১২ মাস পর্যন্ত, মোট বিলের ৭৫% পর্যন্ত।
গ) চাকুরির বয়স ১২ মাসের উর্ধ্বে হলে মোট বিলের ১০০% ।

৪.২ সিডিও এর উপরের পদবীধারী কর্মী যদি সরাসরি নিয়োগপ্রাপ্ত হন সে সকল কর্মীগন চাকুরিতে যোগদানের দিন থেকে তিন বছর পূর্তি না হলে কোন প্রকার চিকিৎসা সহায়তা পাবেন না। তবে তিন বছর পূর্ন হলে তিনি ১০০% চিকিৎসা সহায়তা দাবী করতে পারবেন।

৫. কোন প্রকল্প কর্মীর ক্ষেত্রে চিকিৎসা সহায়তা নীতিমালা প্রযোজ্য হবে না।

৬. ডাক্তারের ব্যবস্থাপত্রের ফটোকপি এবং অন্য সকল বিলের মূল কপি জমা দিতে হবে এবং কোন সাদা কাগজের বিল গ্রহণযোগ্য হবে না। বিল যাচাইয়ের ক্ষেত্রে কোন সন্দেহের অবকাশ হলে এবং বিল জমাদানকারী সন্তোষজনক উত্তর দিতে না পারলে কমিটি ইচ্ছে করলে উল্লেখিত হারের চেয়ে কম হারে বিল প্রদান করতে পারবে।

Rezaul Karim Chowdhury
Executive Director
COAST Trust

৭. শরীরের সৌন্দর্য বৃদ্ধি ব্যতিত যে কোন চিকিৎসা বা অপারেশনের জন্য এই চিকিৎসা সহায়তা প্রযোজ্য হবে।

৮. কোন কর্মী চাকুরিতে যোগদানের এক বছরের মধ্যে কোন প্রকার দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত হলে সেক্ষেত্রে কোন প্রকার চিকিৎসা সহায়তা দেওয়া হবে না।

৯. চিকিৎসা সহায়তা প্রদানের ক্ষেত্রে কেন্দ্রীয় কার্যালয়ে তিন সদস্য বিশিষ্ট (প্রধান থেকে উর্ধ্বতন কর্মীদের সমন্বয়ে) একটি কমিটি থাকবে। উক্ত কমিটি সংশ্লিষ্ট কর্মীর দাবিকৃত চিকিৎসা বিলটি যাচাই করবে এবং যথাযথ মূল্যায়ন স্বাপেক্ষে অনুমোদনসহ বিল প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা নিবে। যে অফিস থেকে কর্মীর বেতন যাবে সে অফিস থেকেই তিনি চিকিৎসা ভাতা গ্রহণ করবেন। প্রতি দুই বছর পর পর এ কমিটি পরিবর্তন হবে। পরিচালক এ কমিটি গঠন করে দেবেন।

১০. মাঠ পর্যায়ের কর্মীদের চিকিৎসা খরচের বিলসমূহ সংশ্লিষ্ট শাখার হিসাব রক্ষক কর্তৃক বিস্তারিত যাচাই করে "যাচাইকারী" হিসাবে স্বাক্ষর করবেন এবং সংশ্লিষ্ট কর্মীর প্রথম তত্বাবধায়ক "সুপারিশকারী" হিসাবে স্বাক্ষর করার পর তা কেন্দ্রিয় কমিটির কাছে প্রেরনের ব্যবস্থা করবেন । কেন্দ্রিয় কমিটি যদি প্রয়োজন মনে করে তাহলে পুনরায় বিলটি যাচাই- বাছাই করতে পারবে এবং পরবর্তীতে অনুমোদন দেবে।

১১. জীবন রক্ষাকারী দীর্ঘমেয়াদী গৃহীত ঔষধসমুহের (যেমন ব্লাড-প্রেসার, ডায়াবেটিস এবং এ্যাজমা বা দীর্ঘমেয়াদী শ্বাসকষ্ট ইত্যাদি রোগসমুহ) ক্ষেত্রে শুধুমাত্র কর্মীগন (পরিবারের অন্যান্য সদস্যদের ক্ষেত্রে প্রযোজ্য নয়) একই প্রেসক্রিপশনের মাধ্যমে কমপক্ষে ছয়মাস পর্যন্ত চিকিৎসা সহায়তা গ্রহন করতে পারবেন। তবে ছয় মাস পর অবশ্যই উক্ত কর্মীকে ডাক্তার দেখাতে হবে এবং নতুন প্রেসক্রিপশনের মাধ্যেমে চিকিৎসা সুবিধা নিতে হবে।

১২. কমিটির যাচাই সাপেক্ষ পরবর্তীতে যদি প্রমাণিত হয়, কোন কর্মী মিথ্যা বিল জমা দিয়ে চিকিৎসা সুবিধা গ্রহণ করেছেন, তাহলে যিনি সুবিধা গ্রহণ করবেন তাকে দ্বিগুণ পরিমাণ টাকা এবং যারা যাচাইকারী এবং সুপারিশকারী হিসাবে স্বাক্ষর করেছেন, তাদের প্রত্যেককে প্রদত্ত বিলের ২৫% করে টাকা জরিমানা করা হবে।

১৩. ঢাকা অফিসের সকল চিকিৎসা সহায়তা বিল যাচাই এবং অনুমোদন দিবে কমিটি। কমিটির সদস্যদের চিকিৎসা সহায়তা বিল যাচাই করবেন কেন্দ্রীয় হিসাব বিভাগের প্রধান এবং অনুমোদন দেবেন পরিচালক।

১৪. জটিল অপারেশনের ক্ষেত্রে পরিচালকের অনুমোদন সাপেক্ষে অগ্রিম নেয়া যাবে তবে অগ্রিমের পরিমাণ নির্দিষ্ট সীমার মধ্যে থাকতে হবে। অন্যান্য চিকিৎসার ক্ষেত্রে অগ্রিম নেয়া যাবে না। সে ক্ষেত্রে প্রকৃত বিল জমাদানের প্রেক্ষিতে চিকিৎসা সহায়তা প্রদান করা হবে।

১৫. সকল আবেদনপত্র প্রধান কার্যালয়ে আসা মাত্র কেন্দ্রীয় কমিটি কর্তৃক একটি রেজিস্টারের রেকর্ড করা হবে। পরবর্তী ১৫ দিনের মধ্যে কমিটি কর্তৃক বিলসমূহ নিস্পত্তি করা হবে। চলতি বছরের বিল পরবর্তী বছরে জানুয়ারি মাস পর্যন্ত জমা নেওয়া হবে। তার পর আর কোন বিল জমা নেওয়া হবে না এবং দেয়া হবে না।

১৬. প্রতি তিন মাস পর পর চিকিৎসা সহায়তার খরচ সংক্রান্ত একটি বিশ্লেষণমূলক প্রতিবেদন পরিচালকের কাছে জমা দেবেন এবং একটি সভায় তারা এটি উপস্থাপন করবেন।

১৭. কর্মকালীন অবস্থায় কোন কর্মী দুর্ঘটনার স্বীকার হলে এর সমুদয় খরচ সংস্থা বহন করবে এবং এর জন্য পরিচালকের অনুমোদন সাপেক্ষে অগ্রিম নেয়া যাবে।

১৮. নির্ধারিত ফরমেটে চিকিৎসা সহায়তা প্রদান সংবলিত একটি Note সংশ্লিষ্ট কর্মীর ব্যক্তিগত ফাইলে অবশ্যই যেতে হবে।

১৯. এই নীতিমালাটি অনতিবিলম্বে কার্যকরী হবে এবং এর সাথে যদি কেউ দ্বিমত পোষণ করেন তাহলে যেকোন মাধ্যমে পরিচালকের সাথে ৩০ এপ্রিল এর মধ্যে যোগাযোগ করতে পারেন।

২০. এটি আগামী ৩০ এপ্রিল পর্যন্ত সকল নোটিশ বোর্ডে ঝুলানো থাকবে এবং পরবর্তীতে সকলের স্বাক্ষর হয়ে নির্দিষ্ট ফাইলে চলে যাবে। এ সার্কুলারটি পরবর্তী দুটি সভায় আলোচনা করতে হবে।

ধন্যবাদসহ

রেজাউল করিম চৌধুরী

Rezaul Karim Chowdhury
Executive Director
COAST Trust

অনুলিপি:
পরিচালক
সকাল উপ ও সহকারী পরিচালক
অফিস কপি